

## Visit of External Affairs Minister to Dushanbe for SCO Council of Foreign Ministers' Meeting (July 13-14, 2021)

July 12, 2021

### বিদেশমন্ত্রীদের এসসিও কাউন্সিলের সভায় যোগদান করতে মাননীয় বিদেশমন্ত্রীর দুশানবে সফর (জুলাই 13-14, 2021)

জুলাই 12, 2021

তাজিকিস্তানের বিদেশমন্ত্রী হিজ এক্সিলেন্সি মিস্টার সিরোজিদ্দিন মুহরিদ্দিনের আমন্ত্রণে বিদেশমন্ত্রীদের এসসিও কাউন্সিলের সভায় যোগ দিতে মাননীয় বিদেশমন্ত্রী ডক্টর এস. জয়শঙ্কর 13-14 জুলাই তাজিকিস্তান সফরে যাবেন। এই সংস্থা গঠিত হওয়ার 20 তম বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে এই সভায় সংস্থার সাফল্য নিয়ে আলোচনা হবে। এই সভা 16-17 সেপ্টেম্বর 2021 অনুষ্ঠিত হতে চলা এসসিও কাউন্সিলের রাষ্ট্রপ্রধানদের সভার প্রস্তুতির অগ্রগতিও খতিয়ে দেখবে এবং সাম্প্রতিক কালের আন্তর্জাতিক এবং আঞ্চলিক বিষয়গুলি নিয়েও আলোচনা করবে।

বিদেশমন্ত্রী ডক্টর এস. জয়শঙ্কর 14 জুলাই 2021-এ আফগানিস্তানের বিষয়ে এসসিও কন্ট্যাক্ট গ্রুপের সভাতেও অংশগ্রহণ করবেন যেখানে আফগানিস্তান সরকারও অংশগ্রহণ করবে।

নিউ দিল্লি

জুলাই 12, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.